

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ফটিকছড়ি, চট্টগ্রাম।

স্মারক নং-৪১.০১.১৫৩৩.০০০.১৬.০০০.২১ - ১২০ (১৮)

তারিখঃ- ১০/০৭/২০২১

“সভার বিজ্ঞপ্তি”

এতদ্বারা সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির এক সভা আগামী ১২/০৯/২০২১ ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকার সময় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্থান : মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে।

আলোচ্যসূচীঃ-

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। বীর মুক্তিযোদ্ধাদের ভাতা সংক্রান্ত প্রতিবেদন।
- ০৩। বীর মুক্তিযোদ্ধাদের গেজেট সংক্রান্ত তথ্য।
- ০৪। বিবিধ।

Rajib
10.07.2021
(রাজীব আচার্য্য)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় কার্যার্থে অনুলিপিঃ-

- ০১। মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম
- ০২। চেয়ারম্যান, বাগান বাজার ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৩। চেয়ারম্যান, নারায়নহাট ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৪। চেয়ারম্যান, সুয়াবিল ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির ১২নং সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব জেবুর নাহার মুক্তা, মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
সভার তারিখ : ১২/০৯/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান : মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম, নাম, পদবী ও স্বাক্ষরঃ- পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মুক্তিযোদ্ধা কমিটির সদস্য-সচিবকে আলোচ্যসূচী নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচীর উপর আলোকপাত করেন।

০১. বিগত সভার কার্যবিবরণ পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৫ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ	পরিষদের সভায় উপস্থাপনকারী
বীর মুক্তিযোদ্ধাদের ভাতা সংক্রান্ত প্রতিবেদন	উক্ত সভায় বীর মুক্তিযোদ্ধাদের ভাতা সংক্রান্ত সমস্যা সমাধানের ব্যাপারে আলোচনা করা হয়।	সভায় আলোচনার মাধ্যমে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন যে, ভাতা সংক্রান্ত সমস্যা সমাধানের উপজেলা কমিটির নিবিড় পর্যবেক্ষণ করে তা সমাধানের মাধ্যমে ভাতাভোগীকে সহায়তা প্রদান করা।	উপজেলা সমাজসেবা অফিসার
বীর মুক্তিযোদ্ধাদের গেজেট সংক্রান্ত তথ্য	বীর মুক্তিযোদ্ধাদের গেজেট সংক্রান্ত যাচাই-বাছাই প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়।	উক্ত সভায় সঠিক বীর মুক্তিযোদ্ধাদের ভাতার আওতায় আনার বিষয়ে সকলের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার

Ranjit
12.09.2021

রাজীব আচার্য
উপজেলা সমাজসেবা অফিসার
ফটিকছড়ি, চট্টগ্রাম।

(জেবুর নাহার মুক্তা)

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ ফটিকছড়ি

ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।